



নিজস্ব প্রতিবেদক, কক্সবাজার

শুক্রবার জুন ২১, ২০২৪ ০৭:০১ অপরাহ্ন

সর্বশেষ আপডেট: শুক্রবার জুন ২১, ২০২৪ ০৭:০১ অপরাহ্ন

<https://bangla.thedailystar.net/environment/climate-change/natural-disasters/news-591721>

কক্সবাজারে পাহাড় ধসে দম্পতির মৃত্যু

ভোর সাড়ে ৩টার দিকে কক্সবাজার পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের বাদশা ঘোনা এলাকায় আনোয়ার হোসেন ও তার অন্তঃসত্ত্বা স্ত্রী মাইমুনা আক্তারের মৃত্যু হয়।



ছবি: সংগৃহীত

কক্সবাজার শহরে পাহাড় ধসে এক অন্তঃসত্ত্বা নারী ও তার স্বামীর মৃত্যু হয়েছে।

শুক্রবার ভোর সাড়ে ৩টার দিকে কক্সবাজার পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের বাদশা ঘোনা এলাকায় আনোয়ার হোসেন ও

তার অন্তঃসত্ত্বা স্ত্রী মাইমুনা আক্তারের মৃত্যু হয়।

৯ নং ওয়ার্ডের কাউন্সিলর হেলাল উদ্দিন কবির বিষয়টি নিশ্চিত করেছেন।

প্রতিবেশী ও স্বজনরা জানান, রাতভর বৃষ্টিতে ভোরে হঠাৎ করে পাহাড় ধসে পড়ে। ভোরে স্থানীয়রা মাটি সরিয়ে তাদের উদ্ধার করে। পরে কক্সবাজার সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। সাত মাস আগে এ দম্পতির বিয়ে হয়েছিল। এ দম্পতির মৃত্যুতে ওই এলাকার মানুষ ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

কক্সবাজারে গত কয়েকদিন ধরে ভারী বৃষ্টিপাত হচ্ছে। গত বুধবার উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে পৃথক ভূমিধসে ১০ জনের মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে দুইজন স্থানীয় ও আটজন রোহিঙ্গা।